রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ৬, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা ২২শে মাঘ, ১৩৯৯/৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৩

এস, আর, ও নং ২৩-আইন/৯৩/১৪৯৩/কাস—Customs Act, 1969 (IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্ন বর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা প্রয়োগ ও প্রবর্তন।—(১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানী) বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পর্যটকগণ এবং যে সকল যাত্রীর প্রতি Privileged Personal Baggage Rules, 1986 প্রযোজ্য হয় সেই সকল যাত্রীর প্রতি প্রযোজ্য হইবে না।

(৩) এই বিধিমালা ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৩ তারিখে বলবৎ হইবে;

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "ব্যাগেজ" অর্থ কোন যাত্রীর যুক্তি সংগত পরিমাণের ব্যবহৃত বা নতুন ব্যক্তিগত ব্যবহার্য পরিধেয় সামগ্রী এবং অন্যবিধ ব্যক্তিগত ও গৃহস্থালী সামগ্রী, তবে শর্ত থাকে যে, অনুরূপ সামগ্রী তাহার ব্যক্তিগত ব্যবহার বা তাহার পরিবারের কোন সদস্যের ব্যবহারের জন্য অথবা উপহার প্রদানের জন্য আমদানী করা যাইবে এবং উহা করারোপ-যোগ্য হউক বা না হউক বিক্রয়, বিজ্ঞাপন বা বিক্রয়ের প্রস্তাব বা বিপণীতে প্রদর্শনের জন্য আমদানী করা যাইবে না।



মূল্যঃ টাকা ২·০০

(খ) "ব্যক্তিগত ও গৃহস্থালী সামগ্রী" অর্থ একজন যাত্রীর ব্যক্তিগত ব্যবহার এবং গৃহস্থালীর ব্যবহারের জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি, কিন্তু নতুন সুতী শাড়ী, সিগারেট, মদ, যে কোন ইলেকট্রিক বা ইলেকট্রনিক হার্ডওয়্যার, যেমন, টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপ ফ্রিজার, গৃহস্থালী কুকার অথবা ওভেন, ভ্যাকুয়াম ক্লিনার, ফ্লোর পলিশার, ওয়াশিং মেশিন, ড্রাইয়ার, ডিশ ওয়াশার, রেডিও-ক্যাসেট রেকর্ডারসহ (টু-ইন-ওয়ান অথবা থ্রি-ইন-ওয়ান), সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, রেডিও গ্রাম, মুভি ক্যামেরা, স্লাইড প্রজেক্টর, মুভি প্রজেক্টর, টেলিফোন সেট, টেবিল ফ্যান অথবা প্যাডেষ্টাল ফ্যান, এয়ার কন্ডিশনার বা এয়ার কুলার, ভি, সি, পি, ভি, সি, আর, মাইক্রো অথবা মিনি কম্পিউটারস, ফটো কপিয়ার, ফটো এনলার্জার, সাইক্লোষ্টাইলিং মেশিন এবং অন্যান্য অফিস সরঞ্জাম অথবা যন্ত্রপাতি, বাথরুম ফিটিংস, টাইলস অথবা অন্যান্য নির্মাণ কার্যে ব্যবহার্য উপাদানসমূহ, ফিকচারস্ (Building materials or fixturos), বৈদ্যুতিক মটরস, পাম্প, ওয়াটার পেইন্টার, আগ্নেয়াস্ত্র, সোনা-বারুদ, মটর সাইকেল, মটরযান এবং উহাদের খুচরা যন্ত্রাংশ এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না।

৩। শুল্কমুক্ত সুবিধাদি।--বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে,--

(ক) একজন যাত্রীকে ভ্রমণকৃত দেশ হইতে আনীত নিম্নবর্ণিত দ্রব্য সামগ্রী তাহার সংগে বা তাহার ব্যাগেজে আমদানী করার অনুমতি দেওয়া যাইবে, যথা:--

(অ) ব্যবহার্য পরিধেয় সামগ্রী এবং কাপড় চোপড়;

(আ) একটি হাতব্যাগ অথবা একটি ব্রিফকেস এবং যুক্তি সংগত পরিমাণের প্রসাধন সামগ্রী;

(ই) একটি হাত ঘড়ি এবং একটি ট্রাভেলার্স ক্লক;

(ঈ) একসেট ছুরি, একটি সিগারেট লাইটার এবং অনুরূপ অন্যান্য দ্রব্যাদি।

(উ) অনধিক ১০০ (একশত) গ্রাম ওজনের স্বর্ণের গহনাপত্র;

(ঊ) একজন যাত্রী অনধিক ২,০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের ইমিটেশন জুয়েলারী আমদানী করিতে পারিবেন অথবা এইরূপ জুয়েলারী যাহা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত রপ্তানী সনদ পত্রের মাধ্যমে অথবা শুল্ক কর্তৃপক্ষের নিকট ঘোষণা প্রদানের মাধ্যমে বাংলাদেশ হইতে পূর্বেই বিদেশে লইয়া যাওয়া হইয়াছিল;

(এ) পংগুদের জন্য ব্যবহৃত একটি চেয়ার অথবা অন্য কোন সহায়ক বস্তু (কেবল অসমর্থ অথবা বিকলাংগ ব্যক্তির ক্ষেত্রে);

(ঐ) খেলাধুলা, কলা ও সংস্কৃতি, সাহিত্য ও বিজ্ঞানের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বিদেশে প্রাপ্ত পুরস্কার, মেডেল এবং ট্রফি;

(অঅ) ব্যবহারের একটি বৈদ্যুতিক ইস্ত্রি;

(আআ) একটি বৈদ্যুতিক চুল শুকানোর যন্ত্র (হেয়ার ড্রাইয়ার);

(ইই) স্থির চিত্রগ্রাহী একটি বহনযোগ্য ক্যামেরা এবং ১২ প্লেট অথবা ৫ রোল ফিল্ম।

(ঈঈ) ২০০টি সিগারেট শলাকা বা ৫০টি সিগার অথবা ২৫০ গ্রাম প্রস্তুতকৃত তামাক অথবা উভয়ের মিশ্রিত প্রস্তুতকৃত তামাক যাহার ওজন ২৫০ গ্রামের অধিক নহে (শুধুমাত্র বিদেশী নাগরিকদের জন্য);

(ডিডি) অনধিক পাঁচশত টাকা মূল্যের খাদ্য দ্রব্যাদি ;

(ডডি) এক বোতল অথবা ১/২ গ্যালন পর্যন্ত মদ্য জাতীয় পানীয় যেমন-স্পিরিট, মদ, বিয়ার (কেবল বিদেশী নাগরিকদের জন্য) ;

(এএ) যুক্তি সংগত পরিমাণ ব্যক্তিগত ব্যবহার্য খেলাধূলার সামগ্রী এবং একটি এয়ার গান, তবে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ ব্যতীত, এবং

(ঐঐ) যে সকল ব্যবহৃত দ্রব্যাদি বিদেশে গমনকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট ঘোষণা পত্রের মাধ্যমে বাংলাদেশ এর বাইরে নেওয়া হইয়াছিল।

(খ) আঠার বৎসর বয়স্ক বা তদূর্ধে বয়স্ক একজন যাত্রী, দফা (ক) তে বর্ণিত সামগ্রীর অতিরিক্ত নিম্ন বর্ণিত মূল্যের ব্যক্তিগত বা গৃহস্থালীর সামগ্রী আমদানী করিতে পারিবেন তবে এই সকল দ্রব্যের আমদানীর আইনানুগ অনুমতি থাকিতে হইবে,—

(অ) সার্কভুক্ত কোন দেশ হইতে এবং দক্ষিণ পূর্ব এশিয়ার কোন দেশ, যথা, থাইল্যাণ্ড, সিংগাপুর, মালয়েশিয়া ও মায়নমার হইতে বিমানযোগে আগত কোন যাত্রীর ক্ষেত্রে, ৩,০০০ (তিন হাজার) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী ;

(আ) অন্যান্য দেশ হইতে বিমান যোগে আগত যে কোন যাত্রীর ক্ষেত্রে, ১০,০০০ (দশ হাজার) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী ; এবং

(ই) স্থল কিংবা জলপথে আগত যাত্রীর ক্ষেত্রে, সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী।

(নোট : এই বিধির অধীন কোন একটি দ্রব্য ছয়টির অধিক পরিমাণে আমদানী করা হইলে তাহা বাণিজ্যিক আমদানী হিসাবে গণ্য হইবে।)

৪। শুল্ক যোগ্য সুবিধাদি।—(১) একজন যাত্রীকে বিদেশে এক নাগাড়ে নিম্ন টেবিলের কলাম (২) এ বর্ণিত মেয়াদে অবস্থানের পর প্রতি পঞ্জিকা বৎসরে বিধি–৩ এর অধীন আমদানী-যোগ্য সামগ্রীর অতিরিক্ত হিসাবে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত ব্যক্তিগত ও গৃহস্থালী দ্রব্য সামগ্রী আমদানীর অনুমতি দেওয়া হইবে, যথা :—

টেবিল

| ক্রমিক নং | বিদেশে অবস্থানের মেয়াদ | সর্বমোট মূল্য সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | পনের দিনের অধিক, কিন্তু তিন মাসের অধিক নহে | দশ হাজার টাকা মাত্র। |
| (২) | তিন মাসের অধিক, কিন্তু ছয় মাসের অধিক নহে | পনের হাজার টাকা মাত্র। |
| (৩) | ছয় মাসের অধিক, কিন্তু এক বৎসরের অধিক নহে | পঁচিশ হাজার টাকা মাত্র। |
| (৪) | এক বৎসরের অধিক | পঞ্চাশ হাজার টাকা মাত্র। |

(২) উপরি উক্ত টেবিলের কলাম-৩ এ নির্ধারিত মূল্য সীমা সাপেক্ষে, একজন যাত্রী কার্যকর হারে শুল্ক এবং মূল্য সংযোজন কর পরিশোধের পর, নিম্নবর্ণিত দ্রব্যাদি অথবা যে সকল দ্রব্যের আমদানী নিষিদ্ধ নহে এইরূপ দ্রব্যাদি আমদানী করিতে পারিবেন, যথা:—

টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপ ফ্রিজার, গৃহস্থালী কুকার এবং ওভেন, ভেকুয়াম ক্লিনার, এবং ফ্লোর পলিশার, ওয়াশিং মেশিন, ড্রাইয়ার, ডিস-ওয়াসার, ক্যাসেট রেকর্ডার, রেডিওসহ (টু-ইন-ওয়ান, থ্রী-ইন-ওয়ান), সেলাই মেশিন, নিটিং মেশিন, রেডিও টার্নটেবিল, রেডিও ক্যাসেট ডেক, ক্যাসেট ডেক টার্ন টেবিলসহ, ক্যাসেট ডেক, এ্যাম্পলিফায়ার, টিউনার, স্পীকার, ইকুলাইজার, টার্ন টেবিল, কেবিনেট, রেডিও-গ্রাম, কম্প্যাক্ট ডিসক্ প্লেয়ার, মুভি ক্যামেরা, স্লাইড প্রজেক্টর, মুভি প্রজেক্টর, টেলিফোন সেট টেবিল অথবা প্যাডেষ্টাল ফ্যান, এয়ার কণ্ডিশনার বা এয়ার কুলার, ভি, সি, পি, ভি, সি, আর, ফাঁকা বা রেকর্ডকৃত ভিডিও ক্যাসেট, বাচ্চাদের জন্য ভিডিও গেমস এবং ক্যাসেট, ক্রোকারিজ এবং ক্যাটলারিজ, তৈজসপত্র, ড্রেপারি লিনেন, ওয়াল পেপার, অন্যান্য গৃহস্থালী সামগ্রী, মাইক্রোকম্পুটার।

৫। সাময়িক আমদানী সুবিধা।—বিদেশে বসবাসরত একজন বাংলাদেশী যাত্রী বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্যে আগমনকালে আগমনের তিন মাসের মধ্যে বিদেশে ফেরত লইয়া যাইবেন মর্মে সংশ্লিষ্ট শুল্ক সহকারী/ডেপুটি কালেক্টর এর নিম্নে নহে এইরূপ কর্মকর্তা বরাবরে ব্যক্তিগত গ্যারান্টি দাখিল করিয়া এবং যাত্রীর পাসপোর্টে এই বিষয়ে যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া মাইক্রো কম্পিউটার অথবা একটি ভিডিও ক্যামেরা সাময়িক আমদানীর আওতায় আমদানী করিতে পারিবেন।

৬। স্বর্ণ পিণ্ড আমদানী—বিধি ৪-এ নির্ধারিত মূল্য সীমা সত্বেও একজন বাংলাদেশী বিদেশ হইতে আগমনের সময় অথবা বিদেশে বসবাসরত বাংলাদেশী কোন যাত্রী বাংলাদেশে আগমনের সময় ৭·৫% হারে শুল্ক প্রদান করিয়া অনধিক এক কেজি ওজনের স্বর্ণ আমদানী করিয়া খালাস করিয়া লইতে পারিবেন।

৭। শিশুদের জন্য সুবিধা।—এই বিধি মালায় যাহা কিছুই থাকুক না কেন আঠার বৎসরের কম বয়স্ক একজন শিশু তাহার পিতা মাতার সহিত ভ্রমণ করুক অথবা স্বাধীনভাবে ভ্রমণ করুক না কেন, তাহার পিতা মাতার উপর নির্ভরশীল বলিয়া গণ্য হইবে এবং যুক্তি সংগত পরিমাণ ব্যক্তিগত পরিধেয় সামগ্রী, ব্যক্তিগত কাপড় চোপড়, যুক্তি সংগত পরিমাণ খেলনা ব্যতীত অন্য কিছুই বিনা শুল্কে আমদানী করিতে পারিবেন না।

৮। বিমান ক্রুদের জন্য সুবিধা।—এক নাগাড়ে আটচল্লিশ ঘন্টা কর্তব্য পালনের পর কোন বিদেশী বিমান বন্দর হইতে আগমনকারী বাংলাদেশ বিমানের কো ক্রু ব্যক্তিগত বা গৃহস্থালী ব্যবহার্য সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) টাকা মূল্যের দ্রব্য সামগ্রী বিনা শুল্কে আমদানী করিতে পারিবেন।

৯। নাবিকদের জন্য সুবিধা।—কোন বিদেশী বন্দর হইতে আগমনকারী কোন জাহাজের নাবিক বা কর্মকর্তা আরোপযোগ্য শুল্ক ও কর পরিশোধক্রমে শুল্কায়নযোগ্য দ্রব্য সামগ্রী আমদানী করিতে পারিবেন, যদি তিনি সাইন-অফ ( Sign-off ) করেন :

তবে শর্ত থাকে যে, এইরূপ দ্রব্য সামগ্রীর সর্বোচ্চ মূল্য প্রত্যেক পঞ্জিকা বর্ষে ১২,০০০ (বার হাজার) টাকার অধিক হইবে না।

১০। গ্রীণ এবং রেড চ্যানেল ব্যবহার সম্পর্কে।—(১) কোন যাত্রী যিনি শুল্কারোপ যোগ্য দ্রব্য বহন না করেন তিনি ঢাকায় জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরের গ্রীণ চ্যানেল ব্যবহার করিবার ইচ্ছা (option) প্রয়োগ করিতে পারিবেন। তবে শুল্ক কর্মকর্তাগণ, উক্ত সুবিধার অপব্যবহার রোধকল্পে গ্রীণ চ্যানেলের ব্যবস্থা নিয়ন্ত্রণ করিতে পারিবেন এবং প্রয়োজনে যাত্রীগণকে রেড চ্যানেলে প্রেরণ করিতে পারিবেন।

(২) শুল্ক কর্তৃপক্ষ ব্যতীত অন্য কোন সংস্থা বা এজেন্সী গ্রীণ চ্যানেল অতিক্রমকারী কোন যাত্রীর ব্যাগেজ পরবর্তীতে কোনঃ পরীক্ষা করিতে বা তাহাকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে না।

(৩) শুল্ক কর্মকর্তাগণ, গ্রীন চ্যানেলের আর্চ অতিক্রমকারী কোন যাত্রীকে যুক্তিসংগত সন্দেহ বশতঃ তাহার ব্যাগেজ পরীক্ষা করিতে পারিবেন, তবে অনুরূপ পরীক্ষা জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে আগত প্রতি ফ্লাইটে শতকরা ২০ ভাগ যাত্রীর অধিক হইবে না।

১১। মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি।—এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার প্রকৃত ব্যাগেজ (bonafide baggage ) শুল্ক প্রদান হইতে অব্যাহতি পাইবে।

১২। বাতিল।—The Passenger ( Non-Tourist ) Baggage ( Import ) Rules, 1990 এতদ্বারা বাতিল করা হইল।

কাজী শহীদুল হক
প্রথম সচিব (শুল্ক)।

মাঁহউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।